গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
(স্থানীয় সরকার শাখা)
www.mymensinghdiv.gov.bd

স্মারক : ০৫.৪৫.০০০০.০১৫.১১.০০১.২০.১৭

তারিখ : ১১ মাঘ ১৪৩০
২৫ জানুয়ারি ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের মনিটরিং-১ শাখার ০১/১১/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০৯৯.০১৫.০১.০১.০১৮.২০১৭.৩১৯ নং স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে "বিভাগীয় কমিশনার অফিসের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০" এর আলোকে পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর নিম্নবর্ণিত রাজস্বখাতভুক্ত শূন্যপদসমূহের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের জন্য ময়মনসিংহ বিভাগের (ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর ও শেরপুর) স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমে http://mymensinghdiv.teletalk.com.bd এ দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম | বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং- এ দক্ষতা; এবং<br>গ) নিয়োগ বিধিমালা ২০২০ এর তফসিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২. | গাড়িচালক | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০১ (এক)টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) বিআরটিএ কর্তৃক গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা বা ভারী যানবাহন চালনায় পারদর্শী।<br>(গ) নিয়োগ বিধিমালা ২০২০ এর তফসিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩. | অফিস সহায়ক | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ০২ (দুই)টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) নিয়োগ বিধিমালা, ২০২০ এর তফসিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

### আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ময়মনসিংহ বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। নিয়োগ সংক্রান্ত যে কোন তথ্য বিভাগীয় কমিশনারের কার্যালয় ,ময়মনসিংহ বিভাগ ,ময়মনসিংহ এর ওয়েবসাইট (www.mymensinghdiv.gov.bd) এবং এ বিভাগের আওতাধীন সকল জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৩। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

**০৪। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক আবেদনকারীগণ http://mymensinghdiv.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে পারবেন। উক্ত অনলাইন আবেদনপত্র ০১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ সকাল ১০:০০ টা হতে ১৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে। উক্ত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।
(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র অনলাইনে দাখিল করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।
(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ নং ও ২ নং ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ৩ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS: MYMENSINGHDIV** <space> **User ID লিখে send করতে হবে 16222 নম্বরে**
**Example: MYMENSINGHDIV ABCDEF & send to 16222**

**দ্বিতীয় SMS: MYMENSINGHDIV** <space> **Yes** <space> **PIN লিখে send করতে হবে 16222 নম্বরে**
**Example: MYMENSINGHDIV Yes 12345678 & send to 16222**

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mymensinghdiv.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS- এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।
(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিতে হবে। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।
(জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন ।
User ID জানা থাকলে:

**MYMENSINGHDIV** <space> **Help** <space> **User** <space> **User ID** & send to 16222
Example: **MYMENSINGHDIV** Help User ABCDEF & send to 16222

- PIN Number জানা থাকলে:

**MYMENSINGHDIV** <space> **Help** <space> **PIN** <space> **PIN No** & send to 16222
Example: **MYMENSINGHDIV** Help PIN 1234567 & send to 16222

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ এর ওয়েবপোর্টাল (www.mymensinghdiv.gov.bd) এবং http://mymensinghdiv.teletalk.com.bd এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/mymensinghdiv ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.mymensinghdiv.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।
(ট) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নাম্বার থেকে কল করুন ১২১-এ অথবা ই-মেইল করুন alljobs.query@teletalk.com.bd [Mail এর subject-এ **MYMENSINGHDIV** Name: ..........., Post Name: **********, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।]

০৫। **প্রার্থীর বয়সসীমা ১৫/০২/২০২৪** তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূলকপি উপস্থাপন করতে হবে:

(ক) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।

(খ) জাতীয় পরিচয়পত্র অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদপত্র।

(গ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা /নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদপত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

(ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঙ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি কার্যালয় কর্তৃক ন্যূনতম ২১ (একুশ) দিনের প্রশিক্ষণ সনদ দাখিল করতে হবে।

(চ) ড্রাইভার পদের জন্য বিআরটিএ কর্তৃক গাড়িচালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স এর মূল কপি

০৭। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।

০৮। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

০৯। কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১০। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।

১২। কোন অসাধু উপায়ে চাকরি প্রাপ্তির চেষ্টা করা হলে চাকরিপ্রার্থীর আবেদন বাতিল করা হবে।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ সংশোধন, নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। এই নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের (বিধি-১ শাখা) ১৭.০৪.২০২৩ খ্রি. তারিখের জারিকৃত "মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীন সরকারি দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা, সংবিধিবদ্ধ সংস্থা এবং বিভিন্ন কর্পোরেশনে চাকরিতে ১৩-২০ তম গ্রেডের পদে কর্মচারী নিয়োগে অপেক্ষমান তালিকা সংরক্ষণ" সংক্রান্ত পরিপত্র কার্যকর হবে।

* ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বি. দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হচ্ছে।

স্বাক্ষরিত/-
২৫/০১/২০২৪
(উম্মে সালমা তানজিয়া)
বিভাগীয় কমিশনার
ময়মনসিংহ।
ফোন : ০২৯৯৭৭১০২৪৭
ই-মেইল: divcommymensingh@mopa.gov.bd